গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

**বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ডিপিপি (১ম সংশোধন) এর নিমিত্ত ২৭-৯-২০২২ তারিখে অনুষ্ঠিত 'বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (DPEC)'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| ১.১ সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.২ সভার তারিখ | : | ২৭-০৯-২০২২ খ্রি. রোজ মঙ্গলবার |
| ১.৩ সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| ১.৪ স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ ব্লক-এ, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা এবং zoom প্লাটফর্মের screen shot/participant list পরিশিষ্ট 'ক' - তে দেখানো হয়েছে।

০২। সভাপতি উপস্থিত এবং জুম প্ল্যাটফর্মে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। অত:পর তিনি এজেন্ডা অনুযায়ী আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য সচিবকে আহ্বান জানান।

০৩। কমিটির সদস্য সচিব জানান যে মহাপরিচালক বিবিএস থেকে প্রাপ্ত "শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ডিপিপি (১ম সংশোধন) প্রস্তাব মুল্যায়নের নিমিত্ত "বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (DPEC)'র সভা আহ্বান করা হয়েছে। ১৪ কোটি ৩৬ হাজার টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২০ থেকে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পটি ৩১-০১-২০২১ তারিখে অনুমোদন লাভ করে এবং ১৪-০২-২০২১ তারিখে এ বিভাগ কর্তৃক প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটি ৩১-০১-২০২১ তারিখে অনুমোদন লাভ করলেও ২০২০-২০২১ অর্থবছরে প্রকল্পের অনুকূলে কোন বরাদ্দ ছিল না, ফলে প্রকল্পের কার্যক্রম শুরু করতে কিছুটা বিলম্ব হয়। প্রকল্পের অনুমোদিত DPP অনুযায়ী ৩ বছরব্যাপী জরিপ কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্পের মেয়াদ ১ বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। তাছাড়া প্রকল্পের কতিপয় কোডে পর্যাপ্ত বরাদ্দ না থাকায় কর্মপরিকল্পনা অনুযায়ী জরিপ কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না মর্মে জানানো হয়েছে। এজন্য প্রাক্কলিত ব্যয় মূল বরাদ্দের ১০.৬৯ শতাংশ অর্থাৎ ১৪৯.৭৪ লক্ষ টাকা বৃদ্ধি এবং প্রকল্পের মেয়াদ ১ (এক) বৎসর বৃদ্ধির জন্য DPP সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

৪। সদস্য সচিব আরও জানান, "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা", জুন ২০২২ এর ৪.২.১ অনুযায়ী "বিনিয়োগ প্রকল্প সংশোধনের প্রয়োজন হলে উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে কেবল ১ম সংশোধন প্রস্তাব অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা যাবে। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে প্রথম সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য, অর্থায়নের উৎস (জিওবি, প্রকল্প সহায়তা/ঋন, নিজস্ব অর্থায়ন ইত্যাদি), অর্থায়নের ধরণ (বিনিয়োগ, ঋন, অনুদান, আরপিএ/ডিপিএ, ইক্যুইটি ইত্যাদি), প্রকল্প এলাকা, জনবল, পরামর্শক ও যানবাহনের (ক্রয়/ভাড়া) ধরণ/সংখ্যা এবং প্রকল্পের ফিজিক্যাল/প্রাইস কনটিনজেন্সি খাতে সংস্থানকৃত ব্যয় অপরিবর্তিত রেখে বিদ্যমান অন্যান্য অঙ্গের কেবল ব্যয়/পরিমাণ হ্রাস/বৃদ্ধি করা যাবে। এক্ষেত্রে সংশোধিত প্রকল্পের মোট ব্যয়ের পরিবর্তন (বৃদ্ধি/হ্রাস) অনুমোদিত প্রকল্প ব্যয়ের ১৫% বা ৪০ (চল্লিশ) কোটি টাকা পর্যন্ত (যা নিম্নে হয়) সীমিত থাকতে হবে। বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির (ডিপিইসি) সুপারিশক্রমে সংশোধিত প্রকল্প প্রস্তাব উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন।" এছাড়া নির্দেশনাটির ৪.২.৩ অনুযায়ী "উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিনিয়োগ প্রকল্প সংশোধনের সময় প্রকল্পের মেয়াদ অনুর্ধ্ব ১ (এক) বছর বৃদ্ধি করা যাবে"। বর্ণিত নির্দেশনার আলোকে প্রকল্পের DPP (১ম সংশোধন) প্রস্তাব মূল্যায়নের নিমিত্ত দ্রুত DPEC সভা আহ্বানের জন্য ২৩-৮-২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী অদ্যকার সভা আহ্বান করা হয়েছে। এ পর্যায়ে তিনি প্রকল্পের মেয়াদ ও প্রস্তাবিত ব্যয় বৃদ্ধির যৌক্তিকতাসহ DPP (১ম সংশোধন) প্রস্তাব উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

০৫। প্রকল্প পরিচালক সভায় জানান যে, জুলাই, ২০২০ থেকে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য জানুয়ারি ২০২১ সালে প্রকল্পটি অনুমোদিত হয় এবং ফেব্রয়ারি ২০২১ মাসে প্রশাসনিক আদেশ জারি হয়। তারপর প্রকল্প পরিচালক ও আয়ন ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করা হয়, ফলে অনুমোদনকালেই প্রকল্পের মেয়াদকাল ১০ মাস সময় কমে যায়। অন্যদিকে জানুয়ারি ২০২১ মাসে অনুমোদিত হলেও ২০২০-২০২১ অর্থবছরের RADP তে কোনো বরাদ্দ ছিল না। ফলে জুলাই/২০২১ এর পূর্বে প্রস্তুতিমূলক কাজ ছাড়া জরিপের মূল কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের আওতায় ২০২২, ২০২৩ ও ২০২৪ সালে প্রতিবছর (৩ মাস করে ৪টি কোয়ার্টারে) মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা হবে এবং সে অনুযায়ী বছরভিত্তিক প্রতিবেদন প্রকাশ করা হবে। এক্ষেত্রে ২০২৪ সালের তথ্য সংগ্রহ ডিসেম্বর ২০২৪ এ সমাপ্তির পর ডাটা কোডিং, স্ক্যানিং, টেবুলেশন, প্রসেসিংসহ প্রতিবেদন তৈরিতে ৬ মাস সময় প্রয়োজন হবে। এছাড়া এ প্রকল্পের আওতায় "শ্রমশক্তি চাহিদা জরিপ" শীর্ষক একটি পৃথক জরিপ পরিচালনা করা হবে এবং তার আলোকে ১টি প্রতিবেদনও প্রকাশ করা হবে। এই প্রেক্ষাপটে প্রকল্পের মেয়াদ জুলাই-২০২০ থেকে জুন ২০২৪ এর পরিবর্তে ১ বৎসর বৃদ্ধিপূর্বক জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত করা প্রয়োজন।

৬। প্রকল্প পরিচালক সভায় আরো জানান যে, এটি একটি জরিপ প্রকল্প, কিন্তু জরিপ কোডে (৩২৫৭১০৪) মাত্র ১ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া অন্যান্য কিছু কোডে প্রয়োজনের তুলনায় বরাদ্দ অত্যন্ত অপ্রতুল, যা দিয়ে অনুমোদিত DPP অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করা যাবে না। তিনি প্রকল্প বাস্তবায়নের জন্য অত্যাবশ্যকীয় কয়েকটি কোডে বরাদ্দ বৃদ্ধির যৌক্তিকতা এবং ১টি কোডে ব্যয় হ্রাসের প্রস্তাব করেন। তিনি আরও উল্লেখ করেন এক্ষেত্রে মূল বরাদ্দের ১০.৬৯ শতাংশ অর্থাৎ ১৪৯.৭৪ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি পাবে। তিনি প্রকল্পের ব্যয় হ্রাস-বৃদ্ধি সংক্রান্ত নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করেন।

৭। **'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন' প্রকল্পের ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা:**

| অর্থনৈতিক কোড | মূল অনুমোদিত বরাদ্দ | ১ম সংশোধিত প্রস্তাবিত বরাদ্দ | যৌক্তিকতা | ব্যয় হ্রাস/ বৃদ্ধি |
|---|---|---|---|---|
| ৩২১১১২০ টেলিফোন | ১২.৭৯ লক্ষ | ১৩.০১ লক্ষ | ১০৭ জন স্থানীয় তথ্য সংগ্রহকারির জন্য মাসিক ৩০০/- টাকা হারে ৩৭.৫ মাসের জন্য মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রমে এবং প্রকল্প সংশ্লিষ্ট ২ জন কর্মকর্তার মাসিক মোবাইল বিল ১০০০/- টাকা হারে প্রকল্প মেয়াদকালীন ৪৮ মাসে ১৩.০১ লক্ষ টাকা হিসাব করা হয়েছে। | ০.২২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে |
| ৩২৪৩১০১ পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৩.০০ লক্ষ | ৭.০০ লক্ষ | প্রকল্পের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ কাজ মনিটরিং এর জন্য এসআইডি এবং বিবিএস এর উর্ধ্বতন কর্মকর্তা ও প্রকল্প পরিচালকসহ গাড়ির পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট বর্তমান বাজারদর বৃদ্ধির আলোকে ৭.০০ লক্ষ টাকা হিসাব করা হয়েছে। | ৪.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |
| ৩২৫৫১০১ কম্পিউটার সামগ্রী | ৫.০০ লক্ষ | ১০.০০ লক্ষ | প্রকল্পের নিয়মিত দাপ্তরিক কাজ চলমান থাকায় এবং প্রতি বছর ১২৩,২৬৪ টি খানার ০৩(তিন) বছরব্যাপী স্যাম্পল লিস্ট প্রিন্ট, খসড়া রিপোর্ট প্রিন্ট (আনুমানিক ৩০০ কপি) ইত্যাদি কার্যক্রম সম্পাদনের নিমিত্ত বিভিন্ন ধরণের কম্পিউটার সামগ্রী (যেমন: প্রিন্টার টোনার, কালার প্রিন্টার টোনার, ফটোকপিয়ার টোনার, কি-বোর্ড এবং মাউস ইত্যাদি) ক্রয় বাবদ ১০.০০ লক্ষ টাকা হিসাব করা হয়েছে। | ৫.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |
| ৩২৫৭১০৪ জরিপ | ১.০০ লক্ষ | ১৬৭.৫২ লক্ষ | সংশোধিত ডিপিপিতে শ্রমশক্তি জরিপ এবং শ্রমশক্তি চাহিদা জরিপ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখা প্রয়োজন। জরিপ এবং শ্রমশক্তি চাহিদা জরিপের নমুনায়ন প্রণয়ন, প্রশ্নপত্র ও ম্যানুয়াল প্রণয়ন, জরিপের জন্য প্রণীত প্রশ্নপত্রের প্রিটেস্ট, ট্যাবে ১২ টি কোয়ার্টারে ০৩ মাস অন্তর অন্তর নির্বাচিত নমুনা তালিকা প্রশ্নপত্রসহ আপলোড, মাঠ পর্যায়ে ১২ টি কোয়ার্টারে তথ্য সংগ্রহ কার্যক্রম মনিটরিং এবং মাঠ পর্যায় হতে ১২ টি কোয়ার্টারে প্রাপ্ত তথ্যের এডিটিং ও কোডিং, সার্ভারে প্রাপ্ত ডেটা চেক, ডেটা ক্লিনিং, ডেটা এনালাইসিস, টেবিল প্রস্তুত, ০৩ টি শ্রমশক্তি জরিপ রিপোর্ট ও ০১ টি শ্রমশক্তি চাহিদা জরিপ রিপোর্ট প্রস্তুত এবং ০৪ টি রিপোর্ট রিভিউ এর সম্মানী বাবদ অর্থ বরাদ্দ রাখা প্রয়োজন। | ১৬৬.৫২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে |
| ৪১১২২০২ কম্পিউটার ও আনুষঙ্গিক | ৪৯.৮০ লক্ষ | ১৩.৮০ লক্ষ | শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্পের তথ্য সংগ্রহ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত জনশুমারি ও গৃহগণনা প্রকল্প হতে ০৪(চার) বছরের জন্য ট্যাব সরবরাহ করা হয়েছে এবং তথ্য সংগ্রহ কার্যক্রম শেষে উক্ত ট্যাব জনশুমারি ও গৃহগণনা প্রকল্প দপ্তরে ফেরত প্রদান করা হবে বিধায় ট্যাব ক্রয় করা হয়নি। (৪১১২২০২) কম্পিউটার ও আনুষঙ্গিক কোড হতে ৩৬.০০ লক্ষ টাকা ব্যয় হ্রাস করা হয়েছে। কম্পিউটার ও আনুষঙ্গিক (৪১১২২০২) কোডে মোট ১৩.৮০ লক্ষ টাকা বরাদ্দ হিসাব করা হয়েছে। | ৩৬.০০ লক্ষ টাকা ব্যয় হ্রাসের প্রস্তাব করা হয়েছে। |
| ৪১১৩৩০১ কম্পিউটার সফটওয়্যার | ৪.০০ লক্ষ | ১৪.০০ লক্ষ | কম্পিউটার সফটওয়্যার (CAPI এপ্লিকেশন সফটওয়্যার, ড্যাশবোর্ড এপ্লিকেশন, জুম, ড্রপ বক্স/ সার্ভার, Stata, Prezi, MS Office, Conversion Software's, Anti-Virus এবং অন্যান্য সফটওয়্যার এপ্লিকেশন ক্রয় বাবদ) ১০.০০ লক্ষ টাকা বৃদ্ধি করে হিসাব করা হয়েছে। কম্পিউটার সফটওয়্যার (৪১১৩৩০১) কোডে মোট ১৪.০০ লক্ষ টাকা বরাদ্দ হিসাব করা হয়েছে। | ১০.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |

৮। প্রকল্প পরিচালক প্রস্তাবিত DPP (১ম সংশোধন) এ কোড ভিত্তিক ব্যয় নিম্নরূপভাবে উপস্থাপন করেন:

| ইকনমিক কোড | ইকনমিক সাব-কোড | ইকনমিক সাব-কোড বর্ণনা (বিস্তারিত) | মূল অনুমোদিত প্রকল্প | | | | | | প্রস্তাবিত ১ম সংশোধিত প্রকল্প | | | | | | পার্থক্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | একক | পরিমাণ | ব্যয় মোট | ব্যয় জিওবি | ব্যয় নিজস্ব অর্থ | ব্যয় অন্যান্য | একক | পরিমাণ | ব্যয় মোট | ব্যয় জিওবি | ব্যয় নিজস্ব অর্থ | ব্যয় অন্যান্য | একক | পরিমাণ | ব্যয় মোট | ব্যয় জিওবি | ব্যয় নিজস্বঅর্থ | ব্যয় অন্যান্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) | (১৭) | (১৮) | (১৯) | (২০) | (২১) |
| | রাজস্ব | | | | | | | | | | | | | | | | | | | |
| | ৩১১১৩২৭ | অধিকালভাতা | জন | ৬ | ৫.৮১ | ৫.৮১ | | | জন | ৬ | ৫.৮১ | ৫.৮১ | | | | | | | | |
| | ৩২৫৭২০৬ | সম্মানী/পারিতোষিক | থোক | থোক | ১১.০০ | ১১.০০ | | | থোক | থোক | ১১.০০ | ১১.০০ | - | | | | | | | |
| | ৩২১১১০৬ | আপ্যায়নব্যয় | থোক | থোক | ৩১.৮৬ | ৩১.৮৬ | | | থোক | থোক | ৩১.৮৬ | ৩১.৮৬ | | | | | | | | |
| | ৩২১১১০৭ | যানবাহনব্যবহার (চুক্তিভিত্তিক) | থোক | থোক | ৪৪.০০ | ৪৪.০০ | | | থোক | থোক | ৪৪.০০ | ৪৪.০০ | | | | | | | | |
| | ৩২১১১০৯ | সাকুল্যবেতন (সরকারিকর্মচারীব্যতীত) | জন | ১০৭ | ৮০২.৫০ | ৮০২.৫০ | | | জন | ১০৭ | ৮০২.৫০ | ৮০২.৫০ | | | | | | | | |
| | ৩২১১১১১ | সেমিনার, কনফারেন্সব্যয় | থোক | থোক | ২০.০০ | ২০.০০ | | | থোক | থোক | ২০.০০ | ২০.০০ | | | | | | | | |
| | ৩২১১১১৭ | ইন্টারনেট/ ফ্যাক্স/ টেলেক্স | থোক | থোক | ১.০৮ | ১.০৮ | | | থোক | থোক | ১.০৮ | ১.০৮ | | | | | | | | |
| | ৩২১১১১৯ | ডাক | থোক | থোক | ১.০০ | ১.০০ | | | থোক | থোক | ১.০০ | ১.০০ | | | | | | | | |
| | ৩২১১১২০ | টেলিফোন | থোক | থোক | ১২.৭৯ | ১২.৭৯ | | | থোক | থোক | ১৩.০১ | ১৩.০১ | | | | | ০.২২ | ০.২২ | | |
| | ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপনব্যয় | থোক | থোক | ১৫.০০ | ১৫.০০ | | | থোক | থোক | ১৫.০০ | ১৫.০০ | | | | | | | | |
| | ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | থোক | থোক | ১.৫০ | ১.৫০ | | | থোক | থোক | ১.৫০ | ১.৫০ | | | | | | | | |
| | ৩২১১১৩৪ | শ্রমিক (অনিয়মিত) মজুরি | জন | ২ | ১৪.৯৮ | ১৪.৯৮ | | | জন | ২ | ১৪.৯৮ | ১৪.৯৮ | | | | | | | | |
| | ৩২২১১০৬ | পরিবহন (মালামাল) | থোক | থোক | ৩.৮৫ | ৩.৮৫ | | | থোক | থোক | ৩.৮৫ | ৩.৮৫ | | | | | | | | |
| | ৩২২১১০৮ | ব্যাংকচার্জ | থোক | থোক | ১.০০ | ১.০০ | | | থোক | থোক | ১.০০ | ১.০০ | - | | | | | | | |
| | ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | | | - | | | | | | ৯৬.০০ | ৯৬.০০ | | | | | | | | |
| | ৩২৩১১০১ | বৈদেশিকপ্রশিক্ষণ | জন | ৭ | ৩০.০০ | ৩০.০০ | | | জন | ৭ | | | | | | | | | | |
| | ৩২৩১২০১ | অভ্যন্তরীণপ্রশিক্ষণ | থোক | থোক | ৬৬.০০ | ৬৬.০০ | | | থোক | থোক | | | | | | | | | | |

| ইকনমিক কোড | ইকনমিক সাব-কোড | ইকনমিক সাব-কোড বর্ণনা (বিস্তারিত) | মূল অনুমোদিত প্রকল্প | | | | | | প্রস্তাবিত ১ম সংশোধিত প্রকল্প | | | | | | পার্থক্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | একক | পরিমাণ | ব্যয় | | | | একক | পরিমাণ | ব্যয় | | | | একক | পরিমাণ | ব্যয় | | | |
| | | | | | মোট | জিওবি | নিজস্ব অর্থ | অন্যান্য | | | মোট | জিওবি | নিজস্ব অর্থ | অন্যান্য | | | মোট | জিওবি | নিজস্বঅর্থ | অন্যান্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) | (১৭) | (১৮) | (১৯) | (২০) | (২১) |
| | ৩২৪৩১০১ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | থোক | থোক | ৩.০০ | ৩.০০ | | | থোক | থোক | ৭.০০ | ৭.০০ | | | থোক | থোক | ৪.০০ | ৪.০০ | | |
| | ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানি | থোক | থোক | ২.০০ | ২.০০ | | | থোক | থোক | ২.০০ | ২.০০ | - | | | | | | | |
| | ৩২৪৪১০১ | ভ্রমণব্যয় | থোক | থোক | ১৬০.৫০ | ১৬০.৫০ | | | থোক | থোক | ১৬০.৫০ | ১৬০.৫০ | - | | | | | | | |
| | ৩২৫৫১০১ | কম্পিউটারসামগ্রী | থোক | থোক | ৫.০০ | ৫.০০ | | | থোক | থোক | ১০.০০ | ১০.০০ | | | থোক | থোক | ৫.০০ | ৫.০০ | | |
| | ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | থোক | থোক | ২৭.৬৯ | ২৭.৬৯ | | | থোক | থোক | ২৭.৬৯ | ২৭.৬৯ | | | | | | | | |
| | ৩২৫৫১০৪ | স্ট্যাম্প ও সিল | থোক | থোক | ০.৫০ | ০.৫০ | | | থোক | থোক | ০.৫০ | ০.৫০ | | | | | | | | |
| | ৩২৫৫১০৫ | অন্যান্যমনিহারি | থোক | থোক | ৪৮.৫০ | ৪৮.৫০ | | | থোক | থোক | ৪৮.৫০ | ৪৮.৫০ | | | | | | | | |
| | ৩২৫৬১০৩ | ব্যবহার্যদ্রব্যাদি | থোক | থোক | ২.০০ | ২.০০ | | | থোক | থোক | ২.০০ | ২.০০ | | | | | | | | |
| | ৩২৫৭১০১ | কনসালটেন্সি | জনমাস | ১২ | ২৪.০০ | ২৪.০০ | | | জনমাস | ১২ | ২৪.০০ | ২৪.০০ | | | | | | | | |
| | ৩২৫৭১০৪ | জরিপ | থোক | থোক | ১.০০ | ১.০০ | | | থোক | থোক | ১৬৭.৫২ | ১৬৭.৫২ | | | থোক | থোক | ১৬৬.৫২ | ১৬৬.৫২ | | |
| | ৩২৫৮১০৩ | কম্পিউটার(মেরামত ও সংরক্ষণ) | থোক | থোক | ৪.০০ | ৪.০০ | | | থোক | থোক | ৪.০০ | ৪.০০ | | | থোক | থোক | | | | |
| | | **উপ-মোটরাজস্ব** | | | ১,৩৪০.৫৬ | ১,৩৪০.৫৬ | | | | | ১৫১৬.৩০ | ১৫১৬.৩০ | | | | | ১৭৫.৭৪ | ১৭৫.৭৪ | | |
| **মূলধন** | | | | | | | | | | | | | | | | | | | | |
| | ৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক | সেট | ১১৫ | ৪৯.৮০ | ৪৯.৮০ | | | সেট | ১০ | ১৩.৮০ | ১৩.৮০ | | | | | (৩৬.০০) | (৩৬.০০) | | |
| | ৪১১২৩১০ | অফিসসরঞ্জামাদি | সেট | থোক | ৪.০০ | ৪.০০ | | | সেট | থোক | ৪.০০ | ৪.০০ | | | | | | | | |
| | ৪১১২৩১৪ | আসবাবপত্র | থোক | থোক | ২.০০ | ২.০০ | | | থোক | থোক | ২.০০ | ২.০০ | | | | | | | | |
| | ৪১১৩৩০১ | কম্পিউটারসফটওয়্যার | থোক | থোক | ৪.০০ | ৪.০০ | | | থোক | থোক | ১৪.০০ | ১৪.০০ | | | থোক | থোক | ১০.০০ | ১০.০০ | | |
| | | **উপ-মোটমূলধন** | | | ৫৯.৮০ | ৫৯.৮০ | | | | | ৩৩.৮০ | ৩৩.৮০ | | | | | (২৬.০০) | (২৬.০০) | | |
| | | **সর্বমোট (ক+খ)** | | | ১,৪০০.৩৬ | | | | | | ১৫৫০.১০ | ১৫৫০.১০ | | | | | ১৪৯.৭৪ | ১৪৯.৭৪ | | |

৯। বিদ্যমান DPP এবং প্রস্তাবিত RDPP'তে রাজস্ব ও মূলধন খাতে পরিবর্তন নিম্নরূপ হবে মর্মে প্রকল্প পরিচালক জানান:

| খাত | বিদ্যমান DPP'র বরাদ্দ (লক্ষ টাকা) | RDPP'তে প্রস্তাব (লক্ষ টাকা) | বৃদ্ধি | মন্তব্য |
|---|---|---|---|---|
| রাজস্ব | ১৩৪০.৫৬ | ১৫১৬.৩০ | ১৩.১০% | - |
| মূলধন | ৫৯.৮০ | ৩৩.৮০ | (৪৩.৪৮%) | - |
| সর্বমোট | ১৪০০.৩৬ | ১৫৫০.১০ | ১০.৬৯% | - |

১০। আলোচনা:

১০.১ অর্থ বিভাগের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, প্রস্তাবিত DPP (১ম সংশোধন) এ বিভিন্ন কোডে ব্যয় বৃদ্ধির যে প্রস্তাব করা হয়েছে তা অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে যাচাই-বাছাইপূর্বক অর্থ মন্ত্রণালয়ের মতামত লিখিতভাবে জানানো হবে। এই পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন যে, পরিকল্পনা বিভাগ কর্তৃক জুন ২০২২ এ জারিকৃত সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা অনুসারে প্রকল্পের ব্যয় ১৫% পর্যন্ত বৃদ্ধির ক্ষেত্রে সংশোধিত DPP অনুমোদনের এখতিয়ার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের।

১০.২ সভাপতি বিভিন্ন কোডে ব্যয় বৃদ্ধির বিষয়টি প্রকল্পের স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করা হয়েছে কি না জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, স্টিয়ারিং কমিটির ২৩-৮-২০২২ খ্রি. তারিখের সভায় ব্যয় বৃদ্ধির প্রস্তাব বিস্তারিতভাবে উপস্থাপন ও আলোচনা হয়েছে। সভাপতি কোড ভিত্তিক ব্যয় বৃদ্ধির প্রস্তাব পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে কেবল অত্যাবশ্যকীয় কোডে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করতে নির্দেশনা প্রদান করেন। এই পরিপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক জানান সংশোধিত প্রস্তাবে অত্যাবশ্যকীয় কোডে প্রয়োজনীয় ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

১০.৩ সদস্য সচিব জানান যে, BBS থেকে প্রাপ্ত প্রস্তাবিত DPP (১ম সংশোধন) এ বানানসহ কিছু করণিক ভুল রয়েছে, যা সংশোধন করা প্রয়োজন।

১১। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১১.১ প্রকল্পের মেয়াদ জুলাই ২০২০ থেকে জুন ২০২৪ এর পরিবর্তে জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত ১ (এক) বৎসর বৃদ্ধি এবং প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৪০০.৩৬ লক্ষ (চৌদ্দ কোটি ছত্রিশ হাজার) টাকা থেকে ১৪৯.৭৪ লক্ষ (এক কোটি উনপঞ্চাশ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা (১০.৬৯%) বৃদ্ধিপূর্বক ১৫৫০.১০ লক্ষ (পনের কোটি পঞ্চাশ লক্ষ দশ হাজার) টাকা করার নিমিত্ত ডিপিপি (১ম সংশোধন) প্রস্তাব সদয় অনুমোদনের জন্য মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় বরাবর উপস্থাপনের সুপারিশ করা হয়।

১১.২ DPP (১ম সংশোধন) প্রস্তাব পরিমার্জন ও সংশোধনপূর্বক দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।

১২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.১০.২২

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৯.০৬.০১৯.২২.১৬৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯ / ১০ অক্টোবর ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০৬। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০৭। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৯. অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
১১। যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
১২। উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

অনুলিপি:
১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। অফিস কপি।

(জেসমীন আকতার)
উপসচিব
☏৫৫০০৭০৭৭

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-২ অধিশাখা
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন “শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ডিপিপি (১ম সংশোধন) বিষয়ে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (DPEC)’র সভার উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ (ব্লক-এ)
সভার তারিখ ও সময় : ২৭/০৯/২০২২ খ্রি., রোজ: মঙ্গলবার, সকাল: ১০.০০ ঘটিকা

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মো: আবু বকর সিদ্দিক<br>অতিরিক্ত সচিব | SID | bsiddique06@gmail.com<br>01715-002101 | [signature] 27.09.22 |
| ২. | কাজী নূরুল ইসলাম<br>উপমহাপরিচালক | BBS | ddg@bbs.gov.bd<br>01711-302830 | [signature] 27.09.2022 |
| ৩ | জেসমীন তাবাসসুম<br>উপসচিব | SID | 01727752168 | [signature] 27/9/2022 |
| ৪. | আতিকা রহমান,<br>প্রকল্প পরিচালক | বিবিএস | 01715640640 | [signature] |


| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৫. | মুঃ [illegible] মুরাদ<br>প্রোগ্রামার | এসআইডি | murad@sid.gov.bd<br>০১৭১৭১২২৮৬১২ | [signature] |
| ৬. | | | | |
| ৭. | | | | |
| ৮. | | | | |
| ৯. | | | | |
| ১০. | | | | |
| ১১. | | | | |
| ১২. | | | | |
| ১৩. | | | | |

BBS

STATISTICS FOR ALL

# প্রকল্পের ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা:

■ প্রকল্পের অনুমোদিত বরাদ্দে জরিপ এবং ভ্রমণ খাতে প্রয়োজনীয় বরা
কার্যক্রমসহ জরিপের সার্বিক কার্যক্রম পরিচালনা ব্যাহত হচ্ছে। এছাড়া
তুলনায় বরাদ্দ অপ্রতুল, যা দিয়ে অনুমোদিত ডিপিপির সকল কার্যক্রম স




| অর্থনৈতিক কোড | মূল অনুমোদিত বরাদ্দ | ১ম সংশোধিত প্রস্তাবিত বরাদ্দ | ব্যয় হ্রাস/বৃদ্ধির প্রস্তাব |
|---|---|---|---|
| ৩২১১১২০ টেলিফোন | ১২.৭৯ লক্ষ | ১৩.০১ লক্ষ | ০.২২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি |
| ৩২৪৩১০১ পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট | ৩.০০ লক্ষ | ৭.০০ লক্ষ | ৪.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি |
| ৩২৫৫১০১ কম্পিউটার সামগ্রী | ৫.০০ লক্ষ | ১০.০০ লক্ষ | ৫.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি |
| ৩২৫৭১০৪ জরিপ | ১.০০ লক্ষ | ১৬৭.৫২ লক্ষ | ১৬৬.৫২ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি |
| ৪১১৩৩০১ কম্পিউটার সফটওয়্যার | ৪.০০ লক্ষ | ১৪.০০ লক্ষ | ১০.০০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি |
| ৪১১২২০২ কম্পিউটার ও আনুষঙ্গিক | ৪৯.৮০ লক্ষ | ১৩.৮০ লক্ষ | ৩৬.০০ লক্ষ টাকা ব্যয় হ্রাস |

Activate Windows
Go to Settings to activate Windows